



বোয়ালমারী পৌরসভা

২০০০ সাল

১৯৯৯ সালের এক প্রজ্ঞাপনে ২০০০ সালে আনুষ্ঠানিকভাবে বোয়ালমারী পৌরসভা গঠিত হয়। বোয়ালমারী পৌরসভা একটি খ শ্রেণির পৌরসভা। ২০০৯ সালে এটি গ থেকে খ শ্রেণির পৌরসভায় উন্নীত করা হয়।

বোয়ালমারী পৌরসভা ৯ টি মৌজা, ৯ টি ওয়ার্ড এবং ১৫ টি মহল্লা নিয়ে গঠিত।

বোয়ালমারী পৌরসভায় সরকারী হাসপাতাল, সরকারী কলেজ, সরকারী স্কুল, প্রাথমিক বিদ্যালয়সহ বেসরকারি হাসপাতাল ও বহু শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এখানে ২ টি উল্লেখযোগ্য হাট বাজার রয়েছে।

জেলা সদর হতে সড়ক ও রেলপথ রয়েছে। জেলা সদর হতে বোয়ালমারী সড়ক পথের দূরত্ব প্রায় ৪০ কিলোমিটার।